

যুগান্তর

রাজশাহী শিক্ষা বোর্ডে পাঁচ পদে নিয়োগে নিষেধাজ্ঞা

প্রকাশ : ১১ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিবসহ পাঁচটি পদে প্রেষণে নিয়োগ বা পদায়নের ওপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেছেন আদালত। এ নিষেধাজ্ঞার চিঠি রোববার আদালত থেকে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও রাজশাহী বোর্ডের চেয়ারম্যানের কাছে পাঠানো হয়েছে। সচিব ছাড়াও অন্য চারটি পদ হল- পরীক্ষা নিয়ন্ত্রক, কলেজ পরিদর্শক, উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) এবং বিদ্যালয় পরিদর্শক। দীর্ঘদিন ধরেই এসব পদে বিভিন্ন কলেজের শিক্ষকদের প্রেষণে নিয়োগ দিয়ে আসছিল শিক্ষা মন্ত্রণালয়। তবে এ নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে গত বছরের ২৯ নভেম্বর আদালতে মামলা করেন আবু আসলাম নামে একজন আইনজীবী। এতে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও বোর্ড চেয়ারম্যানকে বিবাদী করা হয়। গত ২৬ মে মামলার শুনানি অনুষ্ঠিত হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।